গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
দোয়েল চত্বর সড়ক
শাহবাগ, ঢাকা-১০০০।
www.shishuacademy.gov.bd

১। **প্রকল্পের নাম: সমাজভিত্তিক সমন্বিত শিশু-যত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা প্রদান প্রকল্প (Integrated Community Based Center for Child Care, Protection and Swim-Safe Facilities)**

২। **উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা:**

ক) মন্ত্রণালয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

খ) বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ শিশু একাডেমি

৩। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়):**

মোট : ২৭১৮২.৫৭ লক্ষ টাকা

ক) স্থানীয় মুদ্রা : ২১৭৬১.৮৪ লক্ষ টাকা

খ) বৈদেশিক মুদ্রা : ৫৪২০.৭৩ লক্ষ টাকা

৪। **প্রকল্পের বাস্তবায়নকাল** :

ক) আরম্ভ : ০১ জানুয়ারি ২০২২

খ) সমাপ্তি : ৩১ ডিসেম্বর ২০২৪

৫। **উন্নয়ন সহযোগী সংস্থা** : ব্লুমবার্গ ফিলানথ্রোপিজ (Bloomberg Philanthropies),মার্কিন যুক্তরাষ্ট্র এবং রয়্যাল ন্যাশনাল লাইফবোট ইনস্টিটিউট (RNLI), যুক্তরাজ্য ।

৬। **প্রকল্পের সার্বিক উদ্দেশ্য** :

শিশুর প্রারম্ভিক বিকাশ, শিক্ষা এবং যত্ন প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে শিশুর সার্বিক বিকাশ, নিরাপত্তা, সুরক্ষা এবং মৃত্যুঝুঁকি কমিয়ে আনা ।

৭। **প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- দিনের সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ সময়ে (সকাল ৯.০০টা থেকে দুপুর ২.০০টা) ৫ বছরের নীচের বয়সি শিশুদের বিকাশ উপযোগী সেবা প্রদান;
- ১-৫ বছর বয়সি শিশুর জন্য কেন্দ্রভিত্তিক সমন্বিত ইসিসিডি (Early Childhood Care and Development) সেবা প্রদান যাতে শিশুর শারীরিক, সামাজিক, আবেগিক, ভাষাগত এবং জ্ঞানবুদ্ধির বিকাশ নিশ্চিত হয়;

- ৬-১০ বছর বয়সি শিশুদের নিরাপদ সাঁতার শিক্ষা প্রদানের মাধ্যমে তাদের পানিতে ডুবে যাওয়া থেকে সুরক্ষা প্রদান;
- জাতীয় পর্যায় থেকে শুরু করে গ্রাম পর্যায়ে ইসিসিডি বিষয়ে কর্মরত বিভিন্ন সংস্থার সামর্থ্যবৃদ্ধি যাতে সংস্থাসমূহ শিশুদের নিরাপত্তা এবং বিকাশে কার্যকর ভূমিকা রাখতে পারে;
- শিশুর বিকাশ ও সুরক্ষার সর্বোত্তম পরিকল্পনা এবং সমন্বিত কার্যক্রমে পরিবার এবং এলাকাবাসীর সম্পৃক্ততার কার্যক্রম গ্রহণ এবং
- সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে অভিভাবকদের শিশু লালনপালন বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা।

**৮। প্রকল্প এলাকা:**

| **বিভাগ** | **জেলা** | **উপজেলা** |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| বরিশাল | বরগুনা, ভোলা এবং পটুয়াখালী | আমতলী, বেতাগী, তালতলী, ভোলা সদর, লালমোহন, মনপুরা, কলাপাড়া, গলাচিপা, বাউফল |
| চট্রগ্রাম | ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর এবং লক্ষীপুর | নাসিরনগর, নবীনগর, বাঞ্ছারামপুর, মতলব দক্ষিণ, মতলব উত্তর, চাঁদপুর সদর, লক্ষীপুর সদর, রামগতি, কমলনগর |
| ঢাকা | নরসিংদী | মনোহরদী |
| খুলনা | বাগেরহাট এবং সাতক্ষীরা | ফকিরহাট, মোল্লারহাট, শরণখোলা, দেবহাটা, শ্যামনগর |
| ময়মনসিংহ | ময়মনসিংহ, নেত্রকোণা এবং শেরপুর | ফুলবাড়িয়া, ত্রিশাল, নান্দাইল, মোহনগঞ্জ, দূর্গাপুর, মদন, শেরপুর সদর, নালিতাবাড়ী, শ্রীবরদী |
| রাজশাহী | সিরাজগঞ্জ | বেলকুচি, রায়গঞ্জ, তারাশ |
| রংপুর | নীলফামারী | ডিমলা, কিশোরগঞ্জ, সৈয়দপুর |
| সিলেট | হবিগঞ্জ এবং সুনামগঞ্জ | বাহুবল, মাধবপুর, আজমেরীগঞ্জ, দক্ষিণ সুনামগঞ্জ, তাহিরপুর, দোয়ারাবাজার |
| **বিভাগ ৮টি** | **জেলা ১৬টি** | **উপজেলা ৪৫টি** |

**৯। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ:**

| **ক্রমিক নং** | **অঙ্গের নাম** | **প্রাক্কলিত ব্যয়** | **মোট ব্যয়ের শতাংশ** |
|---|---|---|---|
| (১) | শিশুযত্ন কেন্দ্র পরিচালনার ব্যয় (৮০০০টি) | ২২৭৭৯.৬০ | ৮৩.৮০ |
| (২) | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ১১০৪.৪৩ | ৪.০৬ |
| (৩) | বৈদেশিক প্রশিক্ষণ (Exposure visit) | ৫০.০০ | ০.১৮ |
| (৪) | সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপ | ৪৪১.৫৩ | ১.৬২ |
| (৫) | অফিস ভবন ভাড়া (১৬+১= ১৭টি) | ১১৬.৭০ | ০.৪৩ |
| (৬) | প্রচার ও বিজ্ঞাপন | ১০.০০ | ০.০৪ |
| (৭) | গবেষণা | ৪৮৫.৭৬ | ১.৭৯ |
| (৮) | পরামর্শক সেবাক্রয় (৫টি সেবা) | ৪৭৭.৮৪ | ১.৭৬ |

| | | | |
|---|---|---|---|
| (৯) | যানবাহন ক্রয় ও ভাড়া এবং অন্যান্য। | ১৭১৬.৭১ | ৬.৩২ |

## ১০। প্রকল্পের হালনাগাদ অগ্রগতি:

- প্রকল্পটি ২২/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং ২৪/০৪/২০২২ তারিখ সরকারি আদেশ জারি করা হয়।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২৬/০৪/২০২২ তারিখ প্রশাসনিক আদেশ জারি করা হয়।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় গত ১২.০৬.২০২২ তারিখ প্রকল্পের শুভ উদ্বোধন করেন।
- আউটসোর্সিং প্রক্রিয়ায় প্রকল্পের ২৪জন জনবল সংগ্রহের নিমিত্ত ই-জিপিতে বিজ্ঞাপন দেওয়া হয়েছে;
- ২০২২-২০২৩ সালের বার্ষিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;
- ২০২২-২০২৩ সালের এডিপি'র বরাদ্দের আলোকে ১ম কিস্তির অর্থ মন্ত্রণালয় থেকে অবমুক্ত করা হয়েছে;
- শিক্ষা উন্নয়ন ইনস্টিটিউট-ব্র্যাক বিশ্ববিদ্যালয় (BRAC-IED) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পন্ন করা হয়েছে;
- প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা ব্লুমবার্গ ফিলানথ্রপিজ এর আওতাধীন ২,৫০০টি এবং আরএনএলআই এর ৫০০টি মোট ৩,০০০টি শিশু যত্ন কেন্দ্র প্রকল্পভুক্ত করে পরিচালনার নিমিত্ত এনজিও/সিবিও নির্বাচন কার্যক্রম সম্পন্ন করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে;
- প্রকল্পের নামে অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় ০২টি ব্যাংক হিসাব খোলা হয়েছে।